

 ভিডিও ছবি ভিডিও

বৃত্তি

কমনওয়েলথ দিচ্ছে ফেলোশিপ, মাসে ৩ লাখ ১০ হাজার টাকার সঙ্গে নানা সুবিধা

প্রথম আলো ডেস্ক

যুক্তরাজ্যের কমনওয়েলথ স্কলারশিপ কমিশন প্রতি বছর নিম্নমধ্যম আয়ের দেশগুলোর জন্য কমনওয়েলথ প্রফেশনাল ফেলোশিপের ঘোষণা দেয়। এ বছরেরটাও ঘোষণা দেওয়া হয়েছে। কমনওয়েলথভুক্ত দেশের নাগরিকেরা আবেদন করতে পারবেন এ ফেলোশিপের জন্য। যুক্তরাজ্যের বিভিন্ন প্রতিষ্ঠানে পেশাগত উন্নয়নে কাজ করতে হবে ফেলোদের। কমনওয়েলথভুক্ত দেশের আগ্রহী প্রার্থীরা আগামী ৫ আগস্টের মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন এ ফেলোশিপের জন্য।

আর্থিক যে সুবিধা মিলবে এ ফেলোশিপে—

- যুক্তরাজ্য যাওয়া ও নিজ দেশে আসার উড়োজাহাজ টিকিট;
- ভিসা প্রসেসিং ফির সুবিধা;
- লিভিং অ্যালাউন্ড হিসেবে মাসে মিলবে ২ হাজার ৫৭ ব্রিটিশ পাউন্ড (৩ লাখ ১০ হাজার ৪০৮ টাকা, ১ পাউন্ড সমান ১৫০ টাকা ৯০ পয়সা ধরে)। তবে লন্ডন মেট্রোপলিটন এলাকায় থাকলে মাসে মিলবে ২ হাজার ৫৫৩ ব্রিটিশ পাউন্ড।
- যুক্তরাজ্যে যাওয়ার ভাতা বাবদ মিলবে ১১৫৬.৬০ পাউন্ড;

- যুক্তরাজ্যের বিভিন্ন সংস্থায় যাওয়া ও সভায় যোগ দেওয়ার জন্য সর্বোচ্চ ৩,০০০ পাউন্ড পাবেন কেউ এ ফেলোশিপ পেলে।

আবেদনের যোগ্যতা—

- প্রার্থীকে কমনওয়েলথভুক্ত দেশের স্থায়ী নাগরিক অথবা শরণার্থী মর্যাদার হতে হবে;
- আবেদনের সময় চাকরির অবস্থায় থাকতে হবে, যেন ফেলোশিপ শেষে আগের প্রতিষ্ঠানে যুক্ত হতে পারেন;
- নিয়োগদাতা প্রতিষ্ঠানের দুজন ব্যক্তির নাম রেফারেন্স হিসেবে উল্লেখ করতে হবে;
- স্নাতক ডিগ্রি থাকতে হবে;
- অন্তত ৫ বছরের ফুলটাইম/ পার্ট-টাইম কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র

- আবেদনকারীর পাসপোর্ট/ছবিযুক্ত ন্যাশনাল আইডিকার্ড;
- আবেদনকারীর সিভি;

- একাডেমিক পেপারস;
- ফেলোশিপ আবেদন ফরম;
- পার্সোনাল স্টেটমেন্ট;
- রেফারেন্স লেটার তিনটি (তাদের মধ্যে একটি অবশ্যই প্রার্থীর বর্তমান নিয়োগকর্তা হতে হবে);
- চারটি অংশে একটি উন্নয়ন ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রদান করতে হবে;
- অন্যান্য কাগজপত্র (যদি থাকে)
- আবেদনকারীর সিভি।

আবেদন যেভাবে করবেন

আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের পদ্ধতি, আবেদনের বিস্তারিত জানতে [ক্লিক করুন](#) এখানে।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো
করুন**



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো